গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
(সমন্বয় ও সংসদ অধিশাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মে/ ২০১৯ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ শাহ্ কামাল<br>সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় |
| স্থান | : | সম্মেলন কক্ষ, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় |
| সময় | : | বেলা ১:০০ ঘটিকা |
| তারিখ | : | ৩০ মে ২০১৯ |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট -ক- তে দেখানো হলো।

২। সভাপতির অনুরোধক্রমে অতিরিক্ত সচিব (সমন্বয় ও সংসদ) সভার কার্যক্রম উপস্থাপন করেন। তিনি এপ্রিল, ২০১৯ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে কোন সংযোজন-বিয়োজন প্রয়োজন আছে কিনা তা জানতে চাইলে কেহ কোন সংযোজন-বিয়োজনের প্রস্তাব উপস্থাপন করেননি।

আলোচনা ও সিদ্ধান্তসমূহ:

| ক্রঃ | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ | সভায় আলোচনাকালে জানা যায় যে, এপ্রিল ২০১৯ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনীর সুপারিশ নেই। | এপ্রিল ২০১৯ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | সংশ্লিষ্ট সকল |
| ২ | পেন্ডিং বিষয় সংক্রান্ত | পেন্ডিং বিষয়ে প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, সংশ্লিষ্ট অধিশাখা/অনুবিভাগে দীর্ঘ দিনের কোন পত্র পেন্ডিং নেই। এ তথ্য সঠিক বলে প্রতীয়মান হয় নি। | পেন্ডিং বিষয়ে সঠিক তথ্য উপস্থাপন করতে হবে এবং ফরম্যাট অনুযায়ী বিভিন্ন শাখার পেন্ডিং বিষয়সমূহ উপস্থাপন করতে হবে। পেন্ডিং বিষয়ের তথ্য সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণের পূর্বে উর্ধ্বতন কর্মকর্তা দেখে দিবেন। | সংস্থা প্রধান/ অনুবিভাগ প্রধানগণ/ উপসচিব (সমন্বয় ও সংসদ) |
| ৩ | অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত | সভাকে অবহিত করা হয় যে, এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিবগণকে বিভিন্ন বিভাগের দ্বিপক্ষীয় অডিট সভা করার জন্য দায়িত্ব প্রদান করা হয়েছে। কোন কোন কর্মকর্তা দায়িত্ব প্রাপ্ত সকল জেলায় এখনও যেতে পারেননি। | অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির নিমিত্ত অতিরিক্ত সচিববৃন্দ দায়িত্বপ্রাপ্ত বিভাগের জেলাসমূহের অনিষ্পন্ন আপত্তিসমূহ নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করবেন। পরবর্তী সভাসমূহে কোন বিভাগে কতটি অডিট আপত্তি অনিষ্পন্ন আছে এবং কতগুলো নিষ্পন্ন হয়েছে তার বিবরণ উপস্থাপন করতে হবে। | অতিরিক্ত সচিব (অডিট)/ সংশ্লিষ্ট অতিঃ সচিবগণ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | গভর্নেন্স ইনোভেশন সংক্রান্ত | গঠিত ইনোভেশন টিমের কার্যক্রম জানা যায়নি। টীম পুনঃ গঠনের অফিস আদেশ জারি করা হয়েছে। | কার্যক্রম জোরদার করতে হবে। | সদস্য-সচিব<br><br>সংশ্লিষ্ট টিম |
| ৫ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত | সভায় উপসচিব (বাজেট ও এপিএ) মাননীয় প্রধানমন্ত্রীর বরাবরে উপস্থাপনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের চাহিদা অনুযায়ী এ মন্ত্রণালয়ের ২০১৭-২০১৮ অর্থ বছরের এপিএ অগ্রগতি/অর্জন বিষয়ে প্রস্তুতকৃত ভিডিও ডকুমেন্টারি প্রদর্শন করেন।<br><br>উপসচিব (বাজেট/এপিএ), সভাকে জানান যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ে গঠিত কমিটি সভা করেছে। | পরবর্তী মাসিক সমন্বয় সভায় উপসচিব (বাজেট ও এপিএ) ২০১৮-২০১৯ অর্থবছরের এপিএ অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করবেন।<br><br>সিনিয়র সচিবের নির্দেশনা মোতাবেক প্রস্তুতকৃত ভিডিও ডকুমেন্টারি সংশোধন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | মহাপরিচালক, দুব্যঅ/সংশ্লিষ্ট কর্মকর্তাগণ |
| ৬ | মামলা সংক্রান্ত | সভায় জানানো হয় যে, মহামান্য হাইকোর্টে চলমান মামলাসমূহের কার্যক্রম মনিটরিং জোরদার করা হয়েছে। মে ২০১৯ মাসে বিচারাধীন মামলার সংখ্যা নিম্নরূপঃ<br><br>(ক) রীট পিটিশনঃ ১২৭টি<br><br>(খ) কনটেম্পট পিটিশনঃ ০৮টি<br><br>(গ) প্রঃ ট্রাইব্যুনালে মামলাঃ ০৯টি<br><br>(ঘ) প্রঃ আপিল ট্রাইব্যুনালে মামলা ০৪টি<br><br>মোট ১৪৮টি | মহামান্য হাইকোর্টে নিয়মিত যোগাযোগ রেখে মামলা সংক্রান্ত সকল কার্যক্রম অব্যাহত রাখতে হবে। প্রতিটি চলমান মামলার বিষয়ে তথ্যাদি যথাসময়ে সিনিয়র সচিবকে অবহিত করতে হবে। | যুগ্মসচিব (আইন) |
| ৭ | মন্ত্রণালয়ের সেবা সংক্রান্ত | ১। সভায় জানানো হয় যে, SNSP'র প্রকল্প পরিচালক WiFi এর Band width বাড়ানোর লক্ষ্যে কাজ শুরু করেছেন। জনাব মোঃ মোহসীন, অতিঃসচিব (দুব্যক-২) জানান যে, আগষ্ট ২০১৯ মাসের মধ্যে Band width বৃদ্ধির কাজ শেষ হবে।<br><br>২। মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীর প্রাধিকার অনুযায়ী প্রাপ্য সুযোগ সুবিধাসমূহ নিশ্চিত করা প্রয়োজন।<br><br>৩। অতিঃসচিব জনাব ড. নজরুল আনোয়ার জানান যে, ২১৮ নং কক্ষে ইলেকট্রিক তার ও টেলিফোনের তার এলোমেলো অবস্থায় আছে। যেকোন সময় দুর্ঘটনা ঘটতে পারে। অন্য নিরাপদ জায়গায় সরিয়ে নেওয়া | ১। WiFi width বাড়ানোর কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।<br><br>২। পরিচ্ছন্নতা কমিটির কার্যক্রমে সন্তুষ্টি প্রকাশ করা হয়। তবে এখনও যেসব কার্যক্রম অসম্পন্ন রয়েছে তা দ্রুত সম্পন্ন করতে হবে। | সংশ্লিষ্ট কমিটি অতিঃসচিব(প্রঃ) /যুগ্মসচিব(সেবা)/ প্রকল্প পরিচালক SMoDMRPA প্রকল্প /যুগ্মসচিব (উন্নয়ন) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রয়োজন। | | |
| ৮ | মন্ত্রণালয়, দুব্যঅ এবং সিপিপির ওয়েবসাইট হাল নাগাদকরণ সংক্রান্ত | সভায় জানান যে, ওয়েবসাইট সংক্রান্ত মনিটরিং কমিটি নিয়মিত কার্যক্রম পর্যবেক্ষণ করছে। তবে নতুন কোন তথ্য অনুবিভাগ/সংস্হা হতে সময়মত পাওয়া না যাওয়ায় তা হালনাগাদ করা সম্ভব হয় না। | ১। মন্ত্রণালয়, অধিদপ্তর ও সিপিপির ওয়েবসাইট নিয়মিত আপডেট করতে হবে। যুগ্মসচিব (প্রশাসন) ওয়েবসাইট আপডেট কার্যক্রম নিশ্চিত করার বিষয়ে সিস্টেম এনালিষ্টকে পত্র দিবেন।<br>২। *website* এ *Upload* করার জন্য সংশ্লিষ্ট অনুবিভাগ তথ্যাদি আইটি সেলে প্রেরণ করবেন এবং তা *Upload* হলো কিনা তা মনিটর করবেন। | সংশ্লিষ্ট কমিটি ও সংস্হা প্রধানগণ / সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ৯ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের /দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের শূণ্য পদে জনবল নিয়োগ সংক্রান্ত | মন্ত্রণালয়ের কর্মচারী নিয়োগের কার্যক্রম চূড়ান্ত পর্যায়ে আছে। দ্রুত সম্পন্ন করতে হবে। | ১। নিয়োগ প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে। মন্ত্রণালয়ের ন্যায় অধিদপ্তরের জনবল নিয়োগের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | মহাপরিচালক দুব্যঅ/যুগ্ম সচিব (প্রশাসন) |
| ১০ | প্রধানমন্ত্রীর কার্যালয় ও মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এবং সংসদ বিষয়ক তথ্যাদি প্রেরণ সংক্রান্ত | সভায় জানানো হয় যে, অনুবিভাগ/অধিশাখা সংস্থা ও প্রধানগণ তথ্যাদি সময়মত প্রেরণ না করায় প্রধানমন্ত্রীর কার্যালয়, জাতীয় সংসদ সচিবালয়, জনপ্রশাসন মন্ত্রণালয়, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক চাহিত তথ্যাবলি সময়মত প্রেরণ করা সম্ভব হয় না । তাছাড়া সমন্বয় অধিশাখায় প্রেরিত তথ্যাদিতে অনেক কোন কোন সময় ক্ষেত্রে ত্রুটি থাকে। যে সব তথ্য প্রেরণ করা হয় তা কোন কোন সময় বিষয়বস্তুর সাথে সামঞ্জস্যপূর্ণ থাকে না। ফলে চাহিত তথ্যাবলি যথাসময়ে প্রেরণে অসুবিধার সৃষ্টি হচ্ছে। | অনুবিভাগ/অধিশাখা প্রধান/ সংস্থা প্রধানগণ প্রধানমন্ত্রীর কার্যালয়, জাতীয় সংসদ, জনপ্রশাসন মন্ত্রণালয়, মন্ত্রিপরিষদ বিভাগের চাহিত তথ্যাবলি সঠিক ভাবে যথাসময়ে প্রেরণ নিশ্চিত করবেন। পরবর্তী সভাসমূহে কোন কোন অনুবিভাগ/সংস্হা তথ্য সময়মত প্রদান করেনি তা উপস্হাপন করতে হবে। | অনুবিভাগের প্রধানগণ ও সংস্থার প্রধানগণ/ উপসচিব (সওস) |
| ১১ | e-Filing কার্যক্রম সংক্রান্ত | সভায় জানানো হয় যে, e-Filing এর কার্যক্রমে আরো উন্নয়ন করতে হবে। অবস্হানের উন্নতির জন্য কার্যকরী ব্যবস্হা গ্রহণ করা প্রয়োজন। | ১। e-Filing ব্যবহার করে মন্ত্রণালয়ের অবস্হানের উন্নয়নের জন্য সকলকে অধিকতর আন্তরিক হতে হবে এবং এ বিষয়ে মনিটরিং জোরদার করতে হবে । | অতিঃ সচিব (প্রশাসন) ও সকল উইং প্রধান |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | ২। ই-ফাইলিং এর সদস্য সচিব মোমেনা খাতুন প্রতিটি সমন্বয় সভায় ই-ফাইলিং এর অগ্রগতি বিষয়ে একটি প্রেজেন্টেশন দিবেন।<br><br>৩। প্রশাসন অধিশাখা এবং ত্রাণ প্রশাসন অধিশাখার সকল নথি ই-নথিতে উপস্থাপন করতে হবে। | |
| ১২ | জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট প্রতিষ্ঠা সংক্রান্ত | দুর্যোগ ব্যবস্থাপনা আইন, ২০১২ এর ধারা ১২(১) মোতাবেক 'জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা গবেষণা ও প্রশিক্ষণ ইন্স্টিটিউট বিধিমালা ২০১৮' এর খসড়া চুড়ান্ত করে এস, আর, ও নম্বরের জন্য আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়। পরবর্তীতে অতিরিক্ত সচিব (সিপিপি) আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সংশ্লিষ্ট অতিরিক্ত সচিব মহোদয়ের সাথে যোগাযোগ করেন। | শীঘ্রই পরবর্তী করণীয় নির্ধারণ করতে হবে। | অতিরিক্ত সচিব (সিপিপি) |
| ১৩ | তালবীজ রোপন এবং টি আর, কাবিটা কর্মসূচির অগ্রগতি সংক্রান্ত | ১. সভায় জানানো হয় যে, ১২/১১/২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত দেশের ৬৪টি জেলার মধ্যে ৫১টি জেলায় মোট ৩১ লক্ষ ৫০ হাজার ১৪০টি তালবীজ রোপন করা হয়েছে। প্রতিবেদন ত্রাণ অনুবিভাগে প্রেরণ করা হয়েছে। | মাসিক সমন্বয় সভায় টিআর, কাবিটা কর্মসূচির অগ্রগতি প্রতিবেদন নিয়মিত উপস্থাপন করতে হবে। | মহাপরিচালক, দুব্যঅ/ অতিঃসচিব (ত্রাণ) |
| ১৪ | প্রশিক্ষণ সংক্রান্ত | বিদেশে বিভিন্ন প্রশিক্ষণ, কর্মশালা, সেমিনার ও সভায় অংশ নেয়া কর্মকর্তাবৃন্দ কর্তৃক প্রতিবেদন উপস্হাপন কার্য চলমান আছে। | বিদেশ থেকে প্রত্যাবর্তন করে রির্পোট জমা দেওয়া এবং প্রেজেনটেনশনের কার্য চর্চা অব্যাহত থাকবে। | মহাপরিচালক, দুব্যঅ/অতিঃসচিব (প্রশিক্ষণ)/ সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ১৫ | জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউটে অন-লাইন প্রশিক্ষণ কোর্স চালুকরণ | জাতীয় দুর্যোগ ব্যবস্হাপনা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউটের আওতায় অন-লাইন প্রশিক্ষণ কোর্স চালুকরণের নিমিত্ত গঠিত কমিটি কার্যক্রম শুরু করেছে। কমিটি জানতে পেরেছে যে, সমাপ্ত CDMP কর্তৃক একটি ই-লার্নিং কোর্স চালু করা হয়েছিলো। উক্ত সার্ভার বর্তমানে কার্যকর নেই। উহা Repair করার উদ্যোগ নিতে হবে। এ ব্যাপারে একটি প্রতিবেদন সত্বর দাখিল করা হবে। | CDMP'র সার্ভারটি সক্রিয় করার বিষয়টি বিবেচনা করে পরবর্তী কার্যক্রমের জন্য সত্বর প্রতিবেদন দাখিল করতে হবে। | সংশ্লিষ্ট কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬ | গবেষণা সংক্রান্ত গাইড লাইন প্রস্তুত করণ | সভাকে জানানো হয় যে, গঠিত কমিটি শীঘ্রই কার্যক্রম শুরু করবে। | কমিটি প্রতিবেদন পরবর্তী সভা অনুষ্ঠানের পূর্বেই দাখিল করতে হবে। | সংশ্লিষ্ট কমিটি |
| ১৭ | গবেষণা কার্যক্রম | সভাকে জানানো হয় যে, দুর্যোগ ব্যবস্থাপনা গবেষণার জন্য চলতি অর্থ বছরে আর্থিক সংস্থান রয়েছে। | ১। গবেষণার নিমিত্ত সংস্থানকৃত অর্থ দ্বারা গবেষণা কার্যক্রম পরিচালনা করতে হবে। গবেষণা কাজে দুর্যোগ ব্যবস্থাপনা পেশাজীবী, গবেষক বা ছাত্রদের নিয়োজিত করা যাবে।<br>২। প্রাপ্ত গবেষণা প্রস্তাব পর্যালোচনা ও সুপারিশ প্রণয়নের জন্য অতিঃ সচিব ড. মোঃ আতিকুর রহমান ও অতিঃ সচিব ড. মোঃ নজরুল আনোয়ারকে দায়িত্ব প্রদান করা হয়েছে। | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ |
| ১৯ | বিবিধ | | | |
| ক. | SOD'এর খসড়া চূড়ান্ত করণ সংক্রান্ত | NDMC'র সভায় SOD'র খসড়া অনুমোদন হয়েছে। | SOD'র খসড়া চূড়ান্ত করতে হবে। | অতিঃসচিব<br>(দুব্যক-১) |
| খ | দুর্যোগ ব্যবস্থাপনা বার্তা প্রকাশ সংক্রান্ত | কোন কোন সংস্থা/ব্যক্তি হতে তথ্য নিয়মিত পাওয়া যাচ্ছে না বিধায় দুর্যোগ ব্যবস্থাপনা বার্তা নিয়মিতভাবে প্রকাশ করা সম্ভব হচ্ছে না মর্মে সভায় জানানো হয়। | ১। দুর্যোগ ব্যবস্থাপনা বার্তা নিয়মিত ভাবে প্রকাশের স্বার্থে এ মন্ত্রণালয়, ডিডিএম, সিপিপি এবং রোহিংগা কার্যক্রমের চিত্র (ক্ষেত্রমতে) ও বর্ণনা/তথ্যাদি<br>ই-মেইলে(mediacell@modmr.gov.bd) এ প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>২। দুর্যোগ ব্যবস্থাপনা বার্তা কমিটিতে জনাব মোঃ সেলিম হোসেন, তথ্য কর্মকর্তা সদস্য সচিব হিসেবে কাজ করবেন। অতি দ্রুত পরবর্তী সংখ্যা প্রকাশের ব্যবস্থা করতে হবে। | সকল কর্মকর্তা, দুব্যত্রাম/ দুব্যঅ/ সিপিপি, প্রকল্প পরিচালক |
| গ | এপিএ চুক্তি ওয়েব সাইটে আপলোড সংক্রান্ত | সভায় জানানো হয় যে, এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে অতীতে সম্পাদিত কর্মসম্পাদন চুক্তির সকল কপি আপলোড করা হয়েছে। | এ পর্যন্ত সম্পাদিত সকল কর্মসম্পাদন চুক্তি ও এর সাথে সংশ্লিষ্ট তথ্যাদি আপলোড করতে হবে। | এপিএ সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/ সিস্টেম এনালিষ্ট । |

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা  করেন।

স্বাক্ষরিত
(মোঃ শাহ্ কামাল)
সিনিয়র সচিব
(সভাপতি)